

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৯৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তা অন্তর্ভুক্তিকরণ।

সূত্র: খাদ্য অধিদপ্তরের গত ৩০/১০/২০২২ খি. তারিখের ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.৬৬৪ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের তথ্য ডিজিটাল ডাটাবেজে অন্তর্ভুক্তির লক্ষ্যে যাচাইকালে বিভিন্ন কারণে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তা অন্তর্ভুক্তির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা নির্দেশক্রমে প্রদান করা হলো:

- (ক) চলমান যাচাই কার্যক্রম আগামী ১৭.১০.২০২২ খি. তারিখ পর্যন্ত অব্যাহত রাখতে হবে;
- (খ) ১৭.১০.২০২২ খি. তারিখে যাচাই কার্যক্রম সমাপ্তির পর বাদ পড়া ভোক্তার স্থলে প্রাপ্যতা অনুযায়ী উপজেলা খাদ্যবান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা যাবে। নতুন ভোক্তা অন্তর্ভুক্তি কার্যক্রম ১৮.১০.২০২২ হতে ৩১.১০.২০২২ খি. পর্যন্ত চলমান থাকবে;
- (গ) খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০১৭ অনুযায়ী উপজেলা খাদ্যবান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত নতুন ভোক্তা তালিকা চূড়ান্ত হওয়ার পর সে তালিকা সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সিস্টেমে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাদের দ্বারা যাচাইয়ের মাধ্যমে ডিজিটাল ডাটাবেজে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবেন। নতুন ভোক্তাগণ যাচাই সাপেক্ষে নভেম্বর ২০২২ খি. মাসের খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন; এবং
- (ঘ) জেলা খাদ্যবান্ধব কমিটি সার্বিক বিষয় তত্ত্বাবধান করবে।

১১-১০-২০২২

মোঃ আব্দুল্লাহ আল মামুন

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২৯৫১৪৬১৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল:

dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)

মহাপরিচালকের দপ্তর

খাদ্য অধিদপ্তর

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৯৫/১(২)

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়



১১-১০-২০২২

মোঃ আব্দুল্লাহ আল মামুন
সিনিয়র সহকারী সচিব